

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء

আয়াতঃ ২৬:২০

💵 আরবি মূল আয়াত:

قَالَ فَعَلْتُهَا إِذًا قَ أَنَا مِنَ الضَّالِّينَ ﴿٢٠٤﴾

মূসা বলল, 'আমি এটি তখন করেছিলাম, যখন আমি ছিলাম বিদ্রান্ত'। — আল-বারান
মূসা বলল : 'আমি তো তা করেছিলাম সে সময় যখন আমি ছিলাম (সঠিক পথ সম্পর্কে) অজ্ঞ। — তাইসিরুল
মূসা বললঃ আমিতো এটা করেছিলাম তখন যখন আমি অজ্ঞ ছিলাম। — মুজিবুর রহমান
[Moses] said, "I did it, then, while I was of those astray. — Sahih International

২০. মূসা বললেন, আমি তো এটা করেছিলাম তখন, যখন আমি ছিলাম বিভ্রান্ত।(১)

(১) সারকথা এই যে, এ হত্যাকাণ্ড অনিচ্ছাকৃতভাবে হয়েছিল। কাজেই এখানে ضيلال শব্দের অর্থ অজ্ঞাত তথা অনিচ্ছাকৃতভাবে কিবতীর হত্যাকাণ্ড সংঘটিত হওয়া। [ফাতহুল কাদীর, কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(২০) মূসা বলল, 'আমি সে অপরাধ করেছিলাম, যখন আমি বিভ্রান্ত ছিলাম।[1]

[1] অর্থাৎ, এই হত্যা ইচ্ছাকৃত ছিল না। বরং শুধু একটি ঘুসি মারা হয়েছিল, যাতে সে মারা যায়। তাছাড়া এ ঘটনাও ছিল নবুঅতের পূর্বের; যখন আমাকে জ্ঞানের এ আলোক-বর্তিকা দেওয়া হয়নি।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2952

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন